

মোঃ মনোয়ার হোসেন, পরিসংখ্যান তদন্তকারী, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, জলঢাকা, নীলফামারী। তিনি বিবিএস এ ২০১১ সালে যোগদান করে অদ্যাবদি নিষ্ঠার সাথে তার উপর অর্পিত দায়িত্ব পালন করে আসছেন। কর্মজীবনে তিনি কুড়িগ্রাম ও নীলফামারী জেলার জেলা ও উপজেলা পরিসংখ্যান কার্যালয়ে কর্মরত ছিলেন।

স্থায়ী ঠিকানা: তিনি নীলফামারী জেলার জলঢাকা উপজেলাধীন পূর্ব খুটামারা গ্রামের একজন স্থায়ী বাসিন্দা।

পরিবার: তিনি পূর্ব খুটামারা গ্রামের স্থায়ী বাসিন্দা মরহুম হোসেন আলীর ৩য় পুত্র। তার বাবা একজন আদর্শ কৃষক ও ব্যবসায়ী ছিলেন। তার মা একজন গৃহীনী। তার স্ত্রী একজন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক। তার দুটি সন্তান (একজন ছেলে ও একজন মেয়ে) রয়েছে।

শিক্ষা: তিনি পূর্ব খুটামারা সপ্রাবি হতে প্রাথমিক শিক্ষা সম্পন্ন করেন। তিনি ২০০২ সালে বিন্যাকুড়ী বিসি সরকার দ্বিমুখী উচ্চ বিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্তর সম্পন্ন করেন। এছাড়া তিনি ২০০৪ সালে জলঢাকা সরকারি কলেজ হতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সম্পন্ন করেন।

তিনি ২০১০ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয় হতে **সমাজকর্ম** বিষয়ে স্নাতক ডিগ্রী অর্জন করেন। একই বিশ্ববিদ্যালয় হতে **সমাজকর্ম** বিষয়ে তিনি ২০১১ সালে স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন।

পুরস্কার ও সম্মাননা: কর্মজীবনে তিনি সফলতার সাথে দায়িত্ব পালন করে ২০১৩ সালে অর্থনৈতিক শুমারি প্রকল্প (জানা মতে বিবিএস এ ১ম প্রবর্তিত পুরস্কার) হতে তিনি **কুড়িগ্রাম জেলার শ্রেষ্ঠ জোনাল অফিসার** হিসেবে পুরস্কার প্রাপ্ত হন। এছাড়াও ২০২০ সালে ১ম বারেই তিনি **জাতীয় শুদ্ধাচার পুরস্কারে** ভূষিত হন।